গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীপুর, গাজীপুর

**উপজেলা আইসিটি কমিটির জানুয়ারী'২০২৪ মাসের কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | শামীমা ইয়াসমীন<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | **২৩/০১/২০২৪** |
| সভার সময় | **সকাল ১১.০০ টায়** |
| স্থান | ক্ষনিকা সভাকক্ষ |
| উপস্থিতি | ৩০ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হ’ল।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলার আইসিটি বিষয়ক সকল কার্যক্রম শক্তিশালী ও গতিশীল করার লক্ষে সকল সদস্যকে একযোগে কাজ করার আহ্বান জানান। পরবর্তীতে সভায় উপস্থিত সদস্যগণ বিভিন্ন সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | **<u>ওয়েব সাইট হালনাগাদকরণঃ</u>**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, অত্র উপজেলার সকল দপ্তরের ওয়েব সাইটের হালনাগাদের কাজ খুবই ধীর গতিতে চলছে। বিভিন্ন বিভাগীয় দপ্তরের কর্মকর্তারা এ বিষয়ে একটু আন্তরিক হলে তা দ্রুত শতভাগ বাস্তবায়ন করা যাবে। এছাড়াও অধিকাংশ ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে না। | ১। ওয়েব সাইট হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং পরবর্তী সভার পূর্বেই হালনাগাদ শেষ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br><br>২। ইউনিয়ন পর্যায়ে ওয়েব সাইটে নিয়মিত তথ্য হালনাগাদকরণের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), শ্রীপুর, গাজীপুর<br><br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শ্রীপুর, গাজীপুর<br><br>৩। উদ্যোক্তা (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.০ | **<u>ডি-ফাইল বাস্তবায়ন সংক্রান্তঃ</u>**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ইতিমধ্যে উপজেলার উপজেলা নির্বাহী অফিস, উপজেলা ভূমি অফিসের কর্মকর্তা এবং কর্মচারীরা গাজীপুর জেলা প্রশাসকের কার্যালয়ে ডি-ফাইল প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। এছাড়া উপজেলার অন্যান্য দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীরাও উপজেলা পর্যায়ে ডি-ফাইল প্রশিক্ষণের সুযোগ পেয়েছেন। বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, উপজেলা ইউআইটিআরসিই অফিস ডি-ফাইল লাইভে কাজ চলমান রয়েছে। | ডি-ফাইল কার্যক্রম সার্বক্ষনিক সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। সকল কর্মকর্তা ও কর্মচারী (ডি-ফাইল লাইভ অফিস), শ্রীপুর, গাজীপুর<br><br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শ্রীপুর, গাজীপুর |
| ৩.০ | **<u>উপজেলা/ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট কানেকটিভিটি সংক্রান্তঃ</u>**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, শ্রীপুর উপজেলার অনেক অফিসেই ইনফো সরকার-২ প্রকল্প হতে প্রাপ্ত ইন্টারনেট কানেকশন অচল রয়েছে। | ১। উপজেলা বিভিন্ন অফিসের ইন্টারনেট কানেকশন সচল করার ব্যাপারে সহযোগিতা প্রদান করার জন্য সহকারী প্রোগ্রামার ও রিজিওনাল ইন-চার্জ, ফাইবার অ্যাট হোম কে অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শ্রীপুর, গাজীপুর<br><br>২। রিজিওনাল ইন-চার্জ, ফাইবার অ্যাট হোম |
| ৪.০ | **<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ</u>**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে উপজেলার ২০ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও একটি শেখ রাসেল স্কুল অব ফিউচার স্থাপন করা হয়েছে। উক্ত ল্যাবগুলোর সব গুলো তিনি ইতিমধ্যে পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে তিনি জানান যে, প্রতিটি প্রতিষ্ঠানে ল্যাবের ব্যবহার সন্তোষজনক এবং ডিজিটাল ক্লাসরুম হিসেবেও তারা ল্যাব যথাযথ ব্যবহার করছেন। তবে কোন প্রতিষ্ঠানই রেজিস্ট্রার খাতা ঠিকমত লিপিবদ্ধ করছে না। | ১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শ্রীপুর, গাজীপুর<br><br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), শ্রীপুর, গাজীপুর |
| ৫.০ | **<u>উপজেলা/পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম সংক্রান্তঃ</u>**<br>১। এ বিষয়ে সভাপতি জানান যে, সকল ডিজিটাল সেন্টারে মহিলা উদ্যোক্তা আবশ্যক। যে সকল ইউডিসিতে মহিলা উদ্যোক্তা নেই সে সকল সেন্টারগুলোতে দ্রুত মহিলা উদ্যোক্তাদের নিয়োগ দিতে হবে।<br><br>২।উদ্যোক্তাগণ কর্তৃক মনিটরিং টুল (*uddokta.eksheba.gov.bd*) ব্যবহার করে আয়ের ও সেবা গ্রহণকারীদের তথ্য প্রতিদিন আপলোড করা এবং ইউডিসিসমূহ সক্রিয় রাখা ও আয় বৃদ্ধির নিমিত্তে সেন্টারগুলোর কার্যক্রম নিয়মিত তদারক করার জন্য উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। | ১। যে সকল ইউডিসিতে মহিলা উদ্যোক্তা নেই সে সকল সেন্টারগুলোতে মহিলা উদ্যোক্তা নিয়োগের নির্দেশনা প্রদান করা হয়।<br><br>২। মনিটরিং টুল ব্যবহার করে আয়ের ও সেবা গ্রহণকারীদের তথ্য প্রতিদিন আপলোড করতে হবে এবং ইউডিসিসমূহ সক্রিয় রাখতে হবে। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br><br>২। উদ্যোক্তা (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



৩১-০১-২০২৪


**শামীমা ইয়াসমীন**
**উপজেলা নির্বাহী অফিসার**
০২-৯২০০০০২ (ফোন)
০২-৯২০০৫৩৩ (ফ্যাক্স)
unosreepurgazipur@mopa.gov.bd


তারিখ: ১৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ৩১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪১.৩৩৮৬.০০০.৬২.২৩০.১৮.১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;

২। জেলা প্রশাসক, গাজীপুর।;

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর, গাজীপুর;

৪। উপজেলা................................................................... অফিসার, শ্রীপুর, গাজীপুর;

৫। জনাব....................................................................... এবং

৬। অফিস কপি।



৩১-০১-২০২৪
শামীমা ইয়াসমীন
উপজেলা নির্বাহী অফিসার